

নং- ৫৮.০২.৭০০০.১৪১.২৩.০০২.২১.৫২২


তারিখ : ২৭ আশ্বিন ১৪৩০
১২ অক্টোবর ২০২৩

বিষয় : আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ উদযাপন উপলক্ষে নির্দেশনা প্রতিপালন।

- সূত্র : ১। অপারেশনস্ অধিশাখার ০৩.১০.২০২৩ খ্রিঃ তারিখের ৩০৬ নং স্মারকপত্র।
২। বিভাগীয় কার্যালয়, রাজশাহী ০৪.১০.২০২৩ খ্রিঃ তারিখের ৭৬৪ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩, যা আগামী ২০ অক্টোবর ২০২৩ খ্রিঃ হতে শুরু হয়ে ২৪ অক্টোবর ২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত উদযাপিত হতে যাচ্ছে। শান্তিপূর্ণ ও উৎসব মুখর পরিবেশে শারদীয় দুর্গোৎসব উদযাপন উপলক্ষে আপনার সার্কেরাধীন এলাকায় সার্বিক আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে এবং অবৈধ মাদকের বিস্তার ও অপব্যবহার রোধকল্পে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনের জন্য বলা হলোঃ

- ১। উক্ত অনুষ্ঠানকে কেন্দ্র করে মাদক ব্যবসায়ীরা যাতে মাদক ব্যবসার অপতৎপরতা চালাতে না পারে সে লক্ষ্যে চিহ্নিত মাদক স্পট/মাদক প্রবণ এলাকায় মাদকবিরোধী বিশেষ অভিযান পরিচালনা করা এবং সেই সাথে গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করা;
- ২। পারমিটধারী মদ্যপায়ী ব্যতীত অন্য কোন গ্রাহক যাতে মদ জাতীয় পানীয় ক্রয়/সেবন করতে না পারে তা নিশ্চিত করা;
- ৩। অনুমোদিত সময়ের পরে আপনার সার্কেরাধীন দেশিমদের দোকান যাতে খোলা না থাকে সে বিষয়টি নিশ্চিত করা এবং কোন প্রকার অসামাজিক কার্যকলাপ যাতে না ঘটে সে বিষয়ে নজরদারি বৃদ্ধি করা;
- ৪। আলামতখানার নিরাপত্তা নিশ্চিত রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।



(মোহাম্মদ আনিছুর রহমান খাঁন)
উপপরিচালক
ফোনঃ ০২৫৮৮৮৯৩১০৯
chapainawabganj@dnc.gov.bd

- ১। জনাব মোঃ ইলিয়াস হোসেন তালুকদার
পরিদর্শক, ক-সার্কেরল
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
- ২। জনাব মোঃ সাইফুর রহমান
পরিদর্শক, খ-সার্কেরল
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা (প্রয়োজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। পরিচালক (অপারেশনস্ ও গোয়েন্দা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী।
- ৩। উপপরিদর্শক (সকল), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
- ৪। অফিস নথি/মাস্টার নথি।